**(একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)**

**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯ / ০৩ জুলাই ২০২২

**পরিপত্র**

বিষয়ঃ **২০২২-২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।**

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে;

(খ) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়', '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি', '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি' ও '৪১১২৩১৪-আসবাবপত্র' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(গ) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে '৩২৩১৩০১-প্রশিক্ষণ' খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে; এবং

(ঘ) উপরের (ক), (খ) ও (গ)-এ বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন করা যাবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

৩.৭.২০২২
**(মোহাম্মদ আনিসুজ্জামান)**
উপসচিব
☎ ৯৫১৪১৪৬
ই-মেইলঃ anism321@finance.gov.bd

**বিতরণ:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ........................................, মন্ত্রণালয়/বিভাগ
৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং - পাউবো (অর্থ)/রাবাত/০১/(২৭৫) তারিখঃ ০৬-০৭-২০২২ খ্রিঃ

পূর্ববর্তী পৃষ্ঠায় বর্ণিত অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ
**মোঃ কবির আহাম্মদ**
**পরিচালক, অর্থ**
**বাপাউবো, ঢাকা।**

**বিতরনঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/প্রধান পানি ব্যবস্থাপনা,
২। প্রকল্প পরিচালক/সচিব, ........
৩। পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ..................
৪। প্রধান/মূখ্য/উপ-প্রধান সম্প্রসারণ/কৃষি অফিসার,
৫। নির্বাহী প্রকৌশলী /উপ-পরিচালক/উপ-সম্প্রসারণ অফিসার,
৬। খামার তত্ত্বাবধায়ক, ... .... .. .. .. .. ..
৭। উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, .................... আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, ............|
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা **(বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৯। সি এস ও টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১০। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (অর্থ), বাপাউবো, ঢাকা।

০৬/০৭/2022
**মোঃ মোজাক্কের হোসেন**
**সহকারী পরিচালক, অর্থ**
**বাপাউবো, ঢাকা।**

ডায়েরী নং ৬৫৭
তারিখঃ ৬/৭/২২
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
আলোচনা করুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা